

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৩০২

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. কোন্ সালাত মুনাফিকদের উপর খুব ভারী

### بَابُ أَيِّ الصَّلَاةِ عَلَى الْمُنَافِقِينَ أَثْقَلُ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَصِيرٍ عَنْ أَبِي  
بِنِ كَعْبٍ قَالَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الصُّبْحِ ثُمَّ أَقْبَلَ عَلَيْنَا  
بِوَجْهِهِ فَقَالَ أَشَاهِدُ فُلَانٌ قَالُوا لَا فَقَالَ أَشَاهِدُ فُلَانٌ فَقَالُوا لَا لِنَفَرٍ مِنَ الْمُنَافِقِينَ لَمْ  
يَشْهَدُوا الصَّلَاةَ فَقَالَ إِنَّ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ أَثْقَلُ الصَّلَاةِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ يَعْلَمُونَ مَا  
فِيهِمَا لَأَتَوْهُمَا وَلَوْ حَبَوًّا

বাংলা

১৩০২. উবাই ইবনু কা'ব রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (একদা) ফজরের সালাত আদায় করলেন, অতঃপর আমাদের দিকে মুখ ফিরিয়ে বললেন: “অমুক কি উপস্থিত আছে?” তারা বললেন, না। তিনি আবার বললেন, “অমুক কি উপস্থিত আছে?” তারা বললেন, ‘না।’ কেননা, (সেই সময়) একদল মুনাফিক সালাতে উপস্থিত হতো না। অতঃপর তিনি বললেন: “নিশ্চয় এ সালাত দু’টি মুনাফিকদের নিকট অত্যন্ত কষ্টকর সালাত। আর এ দু’টি সালাতে কী (সাওয়াব) রয়েছে, তারা যদি তা জানতো তাহলে তারা হামাগুড়ি দিয়ে হলেও এ দু’সালাতের জামা’আতে উপস্থিত হতো।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২০৫৬ ও মাওয়ারিদুয যাম’আন নং ৪২৯ এ। (দ্বিতীয় অংশ: “আর এ দু’টি সালাতে কী রয়েছে তারা যদি তা জানতো, তাহলে তারা হামাগুড়ি দিয়ে হলেও এ দু’টি সালাতে উপস্থিত হতো”- বর্ণনা করেছেন ইমাম বুখারী ৬৫৪।-অনুবাদক))

((তায়ালিসী ৫৫৪; বাইহাকী ৩/৬৭-৬৮; আহমাদ ৫/১৪০; আবু দাউদ ৫৫৪; ইবনু খুযাইমা, আস সহীহ ১৪৭৭; হাকিম ১/২৪৭-২৪৮; আব্দুর রায়যাক, আল মুছান্নাফ ২০০৪।- আল ইহসান, নং ২০৫৬ আরনাউত্হের টীকা হতে।- অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81585>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন